**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে গত বছরের আগস্ট মাসের বন্যায় জনগণ দুর্গতদের ও সরকারের পাশে যেভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন তা উল্লেখযোগ্য উদাহরণ হয়ে থাকবে ।**

**(২) বিজ্ঞান ও প্রযুক্তি পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা জলবায়ু পরিবর্তন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বাঁশ ও বিভিন্ন প্রজাতির গাছ লাগানো ওপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃত্রিম বুদ্ধিমত্তা এই শতাব্দীতে মানবতার কোড প্রনয়ন করছে বলে উল্লেখ করেছেন ।**

**(৪) ৩৮তম জাতীয় গেমসে এপর্যন্ত ৫৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে ।**

*********************************************

**Abhoy Mission-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে গত বছরের আগস্ট মাসের বন্যায় জনগণ দুর্গতদের ও সরকারের পাশে যেভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন তা উল্লেখযোগ্য উদাহরণ হয়ে থাকবে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের সাহায্যে ও অভয় মিশনের উদ্যোগে বন্যা ত্রাণ ও ব্যবস্থাপনা অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন এই বন্যায় সরকারের ১৫ হাজার কোটি টাকার মতো ক্ষতি হয়েছে। এই বন্যা পরিস্থিতি মোকাবিলায়

মুখ্যমন্ত্রী ত্রান তহবিলের পাশাপাশি রাজ্য বাজেট থেকেও ৫৬৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মুখ্যমন্ত্রী অভয় মিশন এবং এমরিকেয়ার্স ইন্ডিয়া ফাউন্ডেশন-এর বন্যা দুর্গতদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরনের এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ও সমাহর্তা ড. বিশাল কুমার, ত্রিপুরা অভয় মিশনের সম্পাদক সুস্মিতা দে।

************************

**Science & Tecnology Minister :**

বিজ্ঞান ও প্রযুক্তি পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বাঁশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তার জন্য আরো বেশি করে বাঁশ ও বিভিন্ন প্রজাতির গাছ লাগানো ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। আজ আগরতলায় 'জলবায়ু পরিবর্তন প্রশমিত করতে বাঁশের ভূমিকা" শীর্ষক এক আলোচনাসভার উদ্বোধন করে তিনি আরো বলেন, জলবায়ু ভারসাম্য রক্ষায় কি পদক্ষেপ নেওয়া উচিত তার জন্য সরকার কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ সকল অংশের মানুষকে এ বিষয়ে সচেতন করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, শুধুমাত্র গাছ লাগালেই চলবে না তাকে সুস্থভাবে বাঁচিয়ে রাখতে হবে। আলোচনা সভায় বক্তব্য রাখেন বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ড, কে শশী কুমার।

**************************

**Press Meet-Food Minister :**

খাদ্য ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন চলতি মরশুমে গত ১৯শে ডিসেম্বর থেকে ৮ই ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্য সরকার ১৯টি মহকুমায় কৃষকদের কাছ থেকে স্ব-সহায়ক মূল্যে ১৭ হাজার ৪৯৭ দশমিক ১০৯ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে ৪০ কোটি ২৫ লক্ষ টাকা। এর মধ্যে ৩৫ কোটি ৬২ লক্ষ টাকা রাজ্যের ৮৯২২ জন কৃষকের

একাউন্টে সরাসরি প্রদান করা হয়েছে। বাকি টাকা আগামী কয়েকদিনের মধ্যে তাদের একাউন্টে প্রদান করা হবে।

**********************

**Seminar-AIR :**

সমাজের গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে জনসচেতনতা বৃদ্ধি ও জনশিক্ষার প্রসারে আকাশবাণী আগরতলা এক ধারাবাহিক সেমিনারের আয়োজন করেছে। এই উদ্যোগের সর্বশেষ পর্বে আজ আগরতলার মহিলা মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হয় 'নারী ক্ষমতায়ন' বিষয়ক সচেতনতা কর্মসূচি।

অনুষ্ঠানে স্বাগত ভাষণে আকাশবাণী আগরতলার ভারপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা ভি. দিনেশ কুমার আকাশবাণীর জনসেবামূলক ভূমিকার উপর আলোকপাত করেন। তিনি বলেন, সমাজের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে সচেতনতা বৃদ্ধি করা আকাশবাণীর অন্যতম দায়িত্ব। অধ্যক্ষ ড. শর্বরী নাথ ও শিক্ষক পরিষদের সম্পাদক ড. নিবেদিতা ধর কলেজে এমন সচেতনতা মূলক কর্মসূচি আয়োজন করার জন্য আকাশবাণী আগরতলাকে ধন্যবাদ জানান। এই কর্মসূচিতে ত্রিপুরা মহিলা কমিশনের আইন আধিকারিক দেবস্মিতা চক্রবর্তী নারীর ক্ষমতায়ন সম্পর্কে গুরুত্বপূর্ণ দিকগুলি উপস্থাপন করেন। অনুষ্ঠানে নারী বিষয়ক বিভিন্ন সমস্যা ও তাদের সাফল্যকে কেন্দ্র করে তাৎক্ষণিক বক্তৃতা ও ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

***************************

**Meditation Training :**

ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং আজ নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে মধ্যস্থতাকারী প্রশিক্ষণ শিবিরে উদ্বোধন করেন। তিনি বলেন, আদালতে যেসব মামলা হয় তার ৬০ থেকে ৬৫ শতাংশ মধ্যস্থতাকারীর মাধ্যমে নিষ্পত্তি সম্ভব। মধ্যস্থতাকারী প্রশিক্ষণ নেওয়ার জন্য আইনি ডিগ্রি

থাকার দরকার নেই। তিনি বলেন, ত্রিপুরায় উপজাতি সম্প্রদায় নিজেদের কাস্টমারি ল অনুযায়ী তাদের বিবাদ নিষ্পত্তি করছেন।

অনুষ্ঠানে বিচারপতি অরিন্দম লোধ বলেন, মধ্যস্থতাকারীর মাধ্যমে মামলায় উভয়পক্ষের জয় হয়। সমাজে শান্তি বজায় রাখতে মধ্যস্থতাকারীরা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। বিচারপতি অমরনাথ গৌড় বলেন, মধ্যস্থতাকারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হয়। স্বাগত ভাষণ পেশ করেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত প্রমুখ। পাঁচদিনের প্রশিক্ষণে সমাজের বিভিন্ন অংশের ২১ জন মহিলা অংশ নিয়েছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM, Paris :**

প্যারিসে অনুষ্ঠিত এআই অ্যাকশন সামিটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃত্রিম বুদ্ধিমত্তার রূপান্তরমূলক প্রভাব তুলে ধরেন এবং একে এই শতাব্দীতে মানবতার জন্য কোড প্রনয়ন করছে" বলে একটি সংজ্ঞায়িত শক্তি হিসেবে অভিহিত করেন।

#####Byte-PM-AI######

ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে শীর্ষ সম্মেলনে সহ-সভাপতিত্ব করে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা অতীতের যেকোনো প্রযুক্তিগত মাইলফলকের মতো নয়, এই ক্ষেত্রে শাসনব্যবস্থার জন্য একটি বিশ্বব্যাপী, দায়িত্বশীল এবং অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির প্রয়োজন।

শ্রী মোদী স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং কৃষিতে বিপ্লব এনে লক্ষ লক্ষ মানুষের জীবন উন্নত করার ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার সম্ভাবনার উপর জোর দিয়ে বলেন এটি সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যমাত্রার দিকে দ্রুত এবং আরও কার্যকর অগ্রগতি সাধন করে। তিনি বৈশ্বিক দক্ষিণে AI-এর সুবিধা নিশ্চিত করার গুরুত্বের উপর জোর দেন।এআই গ্রহণে ভারতের নেতৃত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী ভারতের ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার সম্পর্কে বলেন, এটি প্রশাসনের আধুনিকীকরণ করেছে এবং ন্যূনতম খরচে ১.৪ বিলিয়ন মানুষের জীবনকে রূপান্তরিত করেছে।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে, যন্ত্র নয়, মানুষের হাতেই কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যতের চাবিকাঠি। তিনি সমষ্টিগত কল্যাণের জন্য বিশ্ব নেতাদের প্রতি কৃত্রিম বুদ্ধিমত্তার উন্নয়নকে দায়িত্বশীলভাবে রূপ দেওয়ার আহ্বান জানান।

****************************

**PM-Energy :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত দশম অবস্থান থেকে গত এক দশকে বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রী আজ সকালে দ্বারকার যশোভূমিতে ভারত

শক্তি সপ্তাহ ২০২৫ এর ভার্চুয়ালভাবে উদ্বোধনী করে একথা বলেন। তিনি বলেন যে ভারতের সৌর শক্তি উৎপাদন ক্ষমতা গত দশ বছরে বত্রিশ গুণ বেড়েছে এবং ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম সৌর শক্তি উৎপাদনকারী দেশ হয়ে উঠেছে। তিনি উল্লেখ করেছেন যে ভারতের অ-জীবাশ্ম জ্বালানি শক্তির ক্ষমতা তিনগুণ বেড়েছে এবং প্যারিস চুক্তির লক্ষ্য অর্জনে ভারতই প্রথম G-20 দেশ।

ইথানল মিশ্রন সম্পর্কে তিনি বলেন, দেশ বর্তমানে ১৯ শতাংশ ইথানল মিশ্রিত করছে, যা বৈদেশিক মুদ্রা বাঁচাতে সাহায্য করেছে, কৃষকদের জন্য যথেষ্ট রাজস্ব তৈরি করেছে এবং কার্বন নিঃসরণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করেছে। প্রধানমন্ত্রী বলেন যে ভারত ২০২৫ সালের অক্টোবরের আগে ২০ শতাংশ ইথানল মিশ্রণের লক্ষ্য অর্জনের পথে রয়েছে।

#######PM-Energy#####

প্রধানমন্ত্রী বলেন যে 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগের অধীনে, ভারত স্থানীয় সরবরাহ শৃঙ্খল এবং উৎপাদনকে শক্তিশালী করার দিকে মনোনিবেশ করছে। তিনি বলেন আগামী দুই দশক উন্নত ভারতের জন্য গুরুত্বপূর্ণ এবং আগামী ৫ বছরে দেশ অনেক বড় মাইলফলক অতিক্রম করবে।

**************************

**Mahakumbh :**

এবার মহাকুম্ভের খবর

######Sound Byte#######

আগামীকাল মাঘী পূর্ণিমা স্নানের আগে প্রয়াগরাজ মহাকুম্ভের প্রস্তুতি পুরোদমে চলছে। এই স্নানের মাহাত্ম্য হল, কল্পবাস পালনের বিশেষ আচারের সমাপ্তিতে এই স্নান করা হয়। এই সময়কালে, কল্পবাসীরা সঙ্গমের ঘাটের কাছে অস্থায়ী বাসস্থানে

থাকেন। এই বছর, মহাকুম্ভে ১০ লক্ষেরও বেশি মানুষ কল্পবাস করছেন। ভক্তদের প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য এবং কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার জন্য উত্তরপ্রদেশ সরকার বিশেষ ব্যবস্থা করেছে ।

######Sound Byte#######

***************************

**Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পরীক্ষা যোদ্ধাদের কাছ থেকে সবচেয়ে বেশি আগ্রহ ব্যক্ত হয়েছে মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে। এজন্য চলতি বছরে 'পরীক্ষা পে চর্চা'র এক বিশেষ পর্ব আগামীকাল প্রচারিত হতে যাচ্ছে। এই বিষয়ে প্রধানমন্ত্রী নিজের এক্স হ্যান্ডলে উল্লেখ করেন যে, এই পর্বে কথা বলার জন্য আন্তরিক আগ্রহ নিয়ে অংশগ্রহণ করতে যাচ্ছেন বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী দীপিকা পাড়ুকোন।

**************************

**Dhalai-Drag Sized :**

গতকাল আমবাসার বেতবাগানে পুলিশ একটি লরি থেকে ২৮ কোটি টাকা মূল্যের ৯ লক্ষ ২৪ হাজার ইয়াবা টেবলেট উদ্ধার করে ও ২ জনকে গ্রেপ্তার করে। নেশা বিরোধী অভিযানে এই সাফল্যের জন্য ডি আই জি মঞ্চাক ইপ্পার ধলাই জেলা পুলিশকে অভিনন্দন জানিয়েছে। তিনি আজ আমবাসা থানায় যান এবং সাংবাদিকদের জানান, আগামী দিনেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

**************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৩৫৯টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৫৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩৯টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৩৩টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, টেবিল টেনিসের পুরুষ ও মহিলা উভয় বিভাগে দলগত লড়াইয়ে পশ্চিমবঙ্গ স্বর্ণপদক পেয়েছে। ফাইনালে পুরুষ বিভাগে পশ্চিমবঙ্গ ৩-০ গেমে এবং মহিলা বিভাগে ৩-১ গেমে মহারাষ্ট্রকে পরাজিত করে। এথলেটিক্সের পোলভল্টে মধ্যপ্রদেশের দেব কুমার মীনা নতুন জাতীয় রেকর্ড গড়ে স্বর্ণপদক ছিনিয়ে নেন। মহিলাদের হেমার থ্রো'তেও নতুন জাতীয় রেকর্ড হয়। উত্তর প্রদেশের অনুষ্কা যাদব এই রেকর্ডটি গড়েন।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কিছু কিছু জায়গায় হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************